



রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী।

ঋণ ও অগ্রিম বিভাগ-১

ঋণঅবি-১ সার্কুলার নং-০২/২০১৭

তারিখ : ২২.০৫.২০১৭

বিষয় : গরু মোটাতাজাকরণ ও বকনা/গাভী পালন খাতে ঋণসীমা বৃদ্ধিকরণ এবং মহিষ মোটাতাজাকরণ ও বকনা/দুগ্ধবতী মহিষ পালন খাতে ঋণসীমা নির্ধারণ প্রসঙ্গে।

উপর্যুক্ত প্রাসঙ্গিক বিষয়ে ঋণ ও অগ্রিম বিভাগ-১ এর সার্কুলার লেটার নং ০৩/২০১০ তারিখ ১৪.১২.২০১০ এবং সার্কুলার নং ০১/২০১২ তারিখ ১২.০১.২০১২ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। সূত্রোক্ত সার্কুলার লেটার নং ০৩/২০১০ অনুযায়ী গরু মোটাতাজাকরণ খাতে প্রতিটি গরু ক্রয়ের জন্য সর্বোচ্চ ২০,০০০/- টাকা ঋণসীমা নির্ধারণ করা আছে। আবার সার্কুলার নং ০১/২০১২ অনুযায়ী প্রতিটি দেশী জাতের বকনা/গাভী, উন্নত দেশী জাতের বকনা/গাভী এবং সংকর জাতের বকনা/গাভী ক্রয়ের জন্য যথাক্রমে সর্বোচ্চ ৩৫,০০০/- টাকা, ৫০,০০০/- টাকা ও ৬০,০০০/- টাকা ঋণসীমা নির্ধারণ করা আছে।

০৩। গরুর বর্তমান বাজারদর বিবেচনায় এ ঋণসীমা অপ্রতুল। পাশাপাশি মহিষের মাংস ও দুধের চাহিদা দিন দিন বৃদ্ধি পাওয়ায় এ খাতেও ঋণ চালু করা আবশ্যিক।


০৪। এমতপ্রেক্ষিতে দেশে আত্মকর্মসংস্থান সৃষ্টি, দুধ ও মাংস উৎপাদন বৃদ্ধির মাধ্যমে পুষ্টি চাহিদা পূরণ, দুধ ও দুগ্ধজাত সামগ্রির আমদানি নির্ভরতা কমিয়ে বৈদেশিক মুদ্রা সাশ্রয়, সর্বোপরি আগ্রহী কৃষক ও খামারীগণকে বাণিজ্যিক ভিত্তিতে গবাদি খামার স্থাপনে উৎসাহিত করার লক্ষ্যে এ সকল খাতে ঋণসীমা নির্ধারণ ও বিদ্যমান ঋণসীমা বৃদ্ধির নিমিত্ত একটি প্রস্তাবনা গত ২৪.০৪.২০১৭ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৪৫৩তম সভায় নিম্নোক্তভাবে অনুমোদিত হয়েছে :

ঋণের খাত	ঋণসীমা
(ক) গরু মোটাতাজাকরণ	প্রতিটি সর্বোচ্চ ৪০,০০০/- টাকা
(খ) মহিষ মোটাতাজাকরণ	প্রতিটি সর্বোচ্চ ৫০,০০০/- টাকা
(গ) ১. দেশী জাতের বকনা ২. দেশী জাতের দুগ্ধবতী গাভী	প্রতিটি সর্বোচ্চ ৪০,০০০/- টাকা প্রতিটি সর্বোচ্চ ৫০,০০০/- টাকা
(ঘ) ১. উন্নত দেশী জাতের বকনা ২. উন্নত দেশী জাতের দুগ্ধবতী গাভী	প্রতিটি সর্বোচ্চ ৫০,০০০/- টাকা প্রতিটি সর্বোচ্চ ৭৫,০০০/- টাকা
(ঙ) ১. সংকর জাতের বকনা ২. সংকর জাতের দুগ্ধবতী গাভী	প্রতিটি সর্বোচ্চ ৬০,০০০/- টাকা প্রতিটি সর্বোচ্চ ১,০০,০০০/- টাকা
(চ) ১. বকনা মহিষ ২. দুগ্ধবতী মহিষ	প্রতিটি সর্বোচ্চ ৫০,০০০/- টাকা প্রতিটি সর্বোচ্চ ৭৫,০০০/- টাকা

০৫। উল্লেখ্য, কোন ক্ষেত্রে নির্ধারিত ঋণসীমার অতিরিক্ত অর্থের প্রয়োজন হলে তা উদ্যোক্তাকে বহণ করতে হবে।

০৬। ইহা অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে। একই সাথে এ বিভাগ থেকে ইতোপূর্বে জারীকৃত সার্কুলার লেটার নং ০৩/২০১০ তারিখ ১৪.১২.২০১০ এবং সার্কুলার নং ০১/২০১২ তারিখ ১২.০১.২০১২ সহ এতদসংক্রান্ত সকল সার্কুলার/সার্কুলার লেটার/পত্রাদি বাতিল বলে গণ্য হবে।

০৭। এ বিষয়ে কোন ব্যাখ্যার প্রয়োজন হলে সরাসরি এ বিভাগে যোগাযোগ করা যেতে পারে।

 ২২.০৫.২০১৭

(জগন্নাথ ঘোষ)

উপ-মহাব্যবস্থাপক

সূত্র নং-প্রকা/ঋণঅবি-১/৪৬/২০১৬-২০১৭/৬৭৪(৪৪৮)

তারিখ : এ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৬। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
- ০৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৮। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ০৯। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা শাখা, ঢাকা/ স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
- ১০। প্রকল্প পরিচালক, এসইসিপি, সিপিও, উপশহর, রাজশাহী।
- ১১। সহকারী মহাব্যবস্থাপক, ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিট, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ১২। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১৩। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১৪। অফিস নথি/মহানথি।

 ২২.০৫.২০১৭

(মোঃ ছলিম উদ্দীন)

মুখ্য কর্মকর্তা